



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
বাংলাদেশ রেলওয়ে
রেলভবন, ঢাকা।



নং-৫৪.০১.২৬০০.০০৭.১৮.০০৪.০৮-২০৭

তারিখঃ ০৮ আগস্ট ২০২১

সিসিএম (পূর্ব ও পশ্চিম)
বাংলাদেশ রেলওয়ে,
চট্টগ্রাম ও রাজশাহী।


বিষয়ঃ করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলী/চলাচলে বিধি-নিষেধ আরোপের
পরিশ্রেষ্ঠিতে বাংলাদেশ রেলওয়ের আন্তঃনগর ট্রেনের টিকিট ইস্যু প্রসঙ্গে।

করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলী/চলাচলে সরকার কর্তৃক বিধি-নিষেধ আরোপ করে
প্রজ্ঞাপন জারী করা হয়েছে। জারীকৃত প্রজ্ঞাপনে সড়ক, রেল ও নৌ-পথে আসন সংখ্যার সমপরিমাণ যাত্রী নিয়ে গণপরিবহন/যানবাহন
চলাচল করতে পারবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, যাত্রীবাহী ট্রেন পরিচালনার ক্ষেত্রে রেলওয়ের কর্মকর্তা/কর্মচারী ও সন্মানিত যাত্রীগণের স্বাস্থ্যগত নিরাপত্তার স্বার্থে
শারীরিক দূরত্ব ও মাস্ক পরিধান নিশ্চিতকরণের মাধ্যমে আন্তঃনগর ট্রেনসমূহের টিকিট বিক্রয়ে নিম্নবর্ণিত সংশোধনীসমূহ আনয়ন
করা হলোঃ

- ক) যাত্রার দিনসহ ০৫(পাঁচ) দিন পূর্বে আন্তঃনগর ট্রেনসমূহের অগ্রীম টিকিট ইস্যু করা হবে;
- খ) আন্তঃনগর ট্রেনসমূহের বিদ্যমান আসন সংখ্যার সমপরিমাণ টিকিট ইস্যু করা হবে। এক্ষেত্রে আন্তঃনগর ট্রেনের মোট
আসনের ৫০ (পঞ্চাশ) শতাংশ টিকিট মোবাইল অ্যাপ ও অনলাইনের মাধ্যমে এবং অবশিষ্ট ৫০ (পঞ্চাশ) শতাংশ
টিকিট স্টেশন কাউন্টারের মাধ্যমে ইস্যু করা হবে;
- গ) কাউন্টার ও মোবাইল অ্যাপ/অনলাইন কোটার অবিক্রিত টিকিট যাত্রা শুরুর ৪৮ (আটচল্লিশ) ঘন্টা পূর্ব হতে
যুগপৎভাবে অর্থাৎ যে কোন মাধ্যমে ইস্যু করা হবে;
- ঘ) প্রচলিত নিয়মানুযায়ী আন্তঃনগর ট্রেনে আসন সংরক্ষণ এবং ইস্যুকৃত টিকিট রিফান্ড কার্যকর করা হবে;
- ঙ) আন্তঃনগর ট্রেনের সকল টিকিট সকাল ৮:০০ ঘটিকা হতে অগ্রীম ব্যবস্থাপনায় ইস্যু করা হবে;
- চ) আন্তঃনগর ট্রেনসমূহে স্ট্যান্ডিং টিকিট ও স্টেশনের প্ল্যাটফরম টিকিট ইস্যু সম্পূর্ণরূপে বন্ধ থাকবে;
- ছ) কাউন্টারে টিকিট ইস্যু ও ট্রেনে ভ্রমণের ক্ষেত্রে যাত্রীর মাস্ক পরিধান নিশ্চিত করতে হবে;
- জ) প্রচলিত নিয়মানুযায়ী ও স্বাস্থ্যবিধি কঠোরভাবে প্রতিপালনপূর্বক আন্তঃনগর ট্রেনে ক্যাটারিং সেবা প্রদান ও ট্রেনে
রাত্রীকালীন বেডিং সরবরাহ করতে হবে।

টিকিট ইস্যুর উপরিলিখিত নিয়ম আগামী ১১ আগস্ট ২০২১ তারিখ (যাত্রার তারিখ বিবেচনায়) হতে কার্যকর হবে।


০৮/০৮/২০২১
(মো. নাহিদ হাসান খান)
উপ পরিচালক(টিসি)

অনুলিপিঃ ব্যবস্থাপনা পরিচালক, সিএনএস লিমিটেড, মিরপুর ডিওএইচএস, ঢাকা-কে সিসিএসআরটিএস সফটওয়্যারে প্রয়োজনীয়
সংশোধনী আনয়নের অনুরোধ করা হলো।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য-

- (১) মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
- (২) সচিব মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
- (৩) মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
- (৪) মহাব্যবস্থাপক (পূর্ব ও পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম ও রাজশাহী।